



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৩৪.২২.৪১৪

তারিখ: ৬ ভাদ্র ১৪২৯

২১ আগস্ট ২০২২

বিষয়: রিট পিটিশন নং-৯৪৫/২০২২ মামলার গত ১৩/০২/২০২২খ্রি. তারিখের রায়ের আলোকে পিটিশনারের গত ২২/০৬/২০২১খ্রি. তারিখের আবেদন নিষ্পত্তিকরণ সংক্রান্ত।

সূত্র: (১) ডিএমই'র স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৩.০২.০২০.১৮-৩১৫, তারিখ: ০৭/০৫/২০১৮খ্রি.

(২) জনাব মো: পয়গাম আলী, প্রভাষক (আরবি), রানীপুর নুরুল হদা আলিম মাদ্রাসা, সদর, দিনাজপুর এর আবেদন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার সদর উপজেলাধীন রানীপুর নুরুল হদা আলিম মাদ্রাসা'য় জনাব মো: পয়গাম আলী, প্রভাষক (আরবি) হিসেবে গত ১২/০১/২০০৪খ্রি. তারিখে যোগদান করেন এবং ০১/০৫/২০০৪খ্রি. তারিখে এমপিওভুক্ত হন। যার ইনডেক্স নং-R-2007690। জনাব মো: পয়গাম আলী কর্তৃক গত ১৩/০৫/২০১৪খ্রি. তারিখে সহকারী অধ্যাপক স্কেল প্রদানের জন্য Online-এ আবেদন করা হয়। কিন্তু আবেদনের সাথে বর্ণিত প্রতিষ্ঠানের প্রভাষক / সহকারী অধ্যাপকগণের তালিকা প্রেরণ না করায় উক্ত আবেদনটি মাউশিত কর্তৃক বাতিল করা হয় মর্মে আবেদনের সাথে সংযুক্ত তথ্যমতে দেখা যায়।

২। পরবর্তীতে জনাব মো: পয়গাম আলী, প্রভাষক (আরবি) কর্তৃক জেলা প্রশাসক, দিনাজপুর বরাবর আবেদন করা হলে জেলা প্রশাসক, দিনাজপুর এর কার্যালয় হতে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, দিনাজপুর এর মাধ্যমে বিষয়টি গত ০৮/১১/২০১৮ ও ২৪/১০/২০১৯খ্রি. তারিখে মোট ০২ (দুই) বার তদন্ত করা হয়। উক্ত তদন্ত রিপোর্টে নিম্নরূপ মতামত প্রদান করা হয়-

“জনাব মো: পয়গাম আলী (আরবি প্রভাষক) কে জনবলকাঠামো ও গভর্ণিং বডি'র সিদ্ধান্ত মোতাবেক বকেয়াসহ উচ্চতর স্কেল (৬ গ্রেড) প্রদান করা যেতে পারে”।

উক্ত মতামতের আলোকে ব্যবস্থা গ্রহণ করা হয়নি মর্মে প্রতীয়মান। কারণ বর্ণিত প্রতিষ্ঠানের জুন/২০২২ মাসের এমপিও শীটে দেখা যায় ০৮ জন প্রভাষক এবং ০১ জন সহকারী অধ্যাপক রয়েছে।

৩। পদোন্নতি না পাওয়ায় একই বিষয়ে জনাব মো: পয়গাম আলী কর্তৃক গত ২৫/০২/২০১৮খ্রি. তারিখে ডিজি, ডিএমই বরাবর আবেদন করা হয়। ডিএমই কর্তৃক প্রভাষক (আরবি) জনাব মো: পয়গাম আলীর জ্যেষ্ঠতা নির্ধারণক্রমে তার সহকারী অধ্যাপক পদে স্কেল প্রদানের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য কতিপয় তথ্যাদি ০৬/০৫/২০১৮খ্রি. তারিখের মধ্যে ডিএমইতে প্রেরণ নিশ্চিত করার জন্য গত ০৭/০৫/২০১৮খ্রি. তারিখে সূত্রের (১) নম্বর স্মারকমূলে প্রতিষ্ঠানের অধ্যক্ষ বরাবর পত্র দেয়া হয়। কিন্তু তার পরবর্তী গৃহীত ব্যবস্থার তথ্য জানা যায়নি।

৪। উল্লিখিত প্রেক্ষাপটে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি না পাওয়ায় জনাব মো: পয়গাম আলী কর্তৃক পুনরায় গত ২২/০৬/২০২১খ্রি. তারিখে সচিব, টিএমইডি ও ডিজি, ডিএমই বরাবর আবেদন দাখিল করা হয়। উক্ত আবেদন দুটির নিষ্পত্তিমূলক জবাব না পাওয়ায় জনাব মো: পয়গাম আলী কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৯৪৫/২০২২ মামলা দায়ের করা হয়। রিট মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ১৩/০২/২০২২খ্রি. তারিখে প্রদত্ত রায়/আদেশের শেষাংশ নিম্নরূপ-

“Considering the facts and circumstances, we are of the view that justice would be done if a direction be given upon the respondent Nos. 1 and 2 to dispose of the

applications dated 22.06.2021 as evident in (Annexure-H and H-1) to the instant writ petition within a fixed period. Accordingly, no rule is called for. The respondent Nos. 1 and 2 are strictly directed to dispose of the applications dated 22.06.2021 as evident in (Annexure- H and H-1) to the instant writ petition in accordance with the relevant law and rules within 15 (fifteen) working days from the date of receipt of the instant order without fail.

৫। রিট মামলার উক্ত রায়ের কপিসহ পিটিশনার কর্তৃক তার সহকারী অধ্যাপক স্কেল প্রদানের নিমিত্ত সচিব, টিএমইডি বরাবর সূত্রের (২) আবেদন দাখিল করা হয়েছে।

৬। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৯৪৫/২০২২ মামলার গত ১৩/০২/২০২২খ্রি. তারিখে রায়/ নির্দেশনা অনুযায়ী পিটিশনার জনাব মো: পয়গাম আলীর গত ২২/০৬/২০২১খ্রি. তারিখের আবেদনটি জরুরিভিত্তিতে নিষ্পত্তিক্রমে পিটিশনারসহ এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: রিট মামলার রায় ও পিটিশনারের আবেদন। (6613/potrojariAttachmentRef/31650/0/4337)



২১-৮-২০২২

মোঃ নুরুল ইসলাম শেখ
সহকারী সচিব

মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদরাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৩৪.২২.৪১৪/১

তারিখ: ৬ ভাদ্র ১৪২৯
২১ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, মাদ্রাসা অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪) জনাব মো: পয়গাম আলী, প্রভাষক (আরবি), রানীপুর নুরুল হদা আলিম মাদ্রাসা, সদর, দিনাজপুর (তার ২৫/৭/২০২২ তারিখের আবেদনের প্রেক্ষিতে)।



২১-৮-২০২২

মোঃ নুরুল ইসলাম শেখ
সহকারী সচিব